

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫০৬) কা'বা শরীফের গিলাফ ধরে দো'আ বা কান্নাকাটি করা জায়েয কি?

উত্তর: কা'বা শরীফের গিলাফ ধরে বরকত কামনা করা বা দো'আ বা কান্নাকাটি করা বিদ'আত। কেননা এ কাজ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত নেই। মুআবিয়া ইবন আবৃ সুফিয়ান রাদিয়াল্লাহু 'আনহু তাওয়াফ করার সময় যখন কা'বা ঘরের প্রতিটি কোণ স্পর্শ করছিলেন, তখন আবদুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা প্রতিবাদ করেছেন। মুআবিয়া বললেন, 'কা'বা ঘরের কোনো অংশই ছাড়ার নয়।' তখন ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহুমা জবাবে বললেন, "নিশ্চয় আল্লাহর রাস্লের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম আদর্শ। আমি দেখেছি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুধুমাত্র দু'টি কর্ণার স্পর্শ করেছেন। অর্থাৎ হাজরে আসওয়াদ ও রুকনে ইয়ামানী। অতএব, আমাদের ওপর আবশ্যক হচ্ছে কা'বা ঘরকে ছোঁয়া বা স্পর্শ করার ব্যাপারে শুধুমাত্র সুন্নাত থেকে প্রমাণিত দলীলেরই অনুসরণ করব। কেননা এতেই আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উত্তম আদর্শকে আঁকড়ে থাকতে পারব।

অবশ্য মুলতাযিম অর্থাৎ কা'বা ঘরের দরজা ও হাজরে আসওয়াদের মধ্যবর্তী স্থান স্পর্শ করে দো'আ করা, সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু 'আনহুম থেকে প্রমাণিত হয়েছে। (আল্লাহই অধিক জ্ঞান রাখেন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=1180

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন